

## বিদেশি বিশ্ববিদ্যালয়ের জন্য বিধিমালা আসছে

### দেশ সদস্যের কমিটি গঠন

স্বাক্ষরিত হওয়ায় বাংলাদেশে উচ্চশিক্ষার মান বৃদ্ধি ও বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে প্রতিযোগিতা সৃষ্টির লক্ষ্যে বিদেশি বিশ্ববিদ্যালয় বাংলাদেশে শিক্ষা কার্যক্রম পরিচালনা সংক্রান্ত বিধিমালা প্রণয়ন করা হচ্ছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সভাপতিত্বে গতকাল বুধবার শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে বিদেশি বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশে শিক্ষা কার্যক্রম পরিচালনা সংক্রান্ত বিধিমালা প্রণয়নের লক্ষ্যে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিদেশি বিশ্ববিদ্যালয় কর্তৃক বাংলাদেশে শিক্ষা কার্যক্রম পরিচালনা সংক্রান্ত বিধিমালা প্রণয়ন, বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও বাংলাদেশে স্বয়ংসম্পূর্ণ বিদেশি বিশ্ববিদ্যালয় স্থাপন করাসহ আনুষ্ঠানিক বিষয়াদি বিবেচনার নিয়ে একটি বসড়া বিদেশি বিশ্ববিদ্যালয় বাংলাদেশে শিক্ষা কার্যক্রম পরিচালনা সংক্রান্ত বিধিমালা প্রণয়নের লক্ষ্যে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের ডিসি অধ্যাপক হামিদুর রেজা চৌধুরীকে আহ্বায়ক করে ১০ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। এ কমিটি আগামী ৫ জুলাইয়ের মধ্যে বসড়া বিধিমালা উপস্থাপন করবে। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০-এর আলোকে এ বিধিমালা প্রণীত হবে।

কমিটির সদস্যবৃন্দ হলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিসি জাহাঙ্গীর আলেকজান্দার সিদ্দিক, ইউ-ওয়েস্ট ইউনিভার্সিটির প্রেসিডেন্ট মোহাম্মদ ফারুকউদ্দিন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক মো: আনোয়ার হোসেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক ডা: শ্রীগোপাল দত্ত, পাবলিক বিশ্ববিদ্যালয় সমিতির সভাপতি ড. মো: আবদুল মান্নান আকবর, বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির সভাপতি পকি সানি, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য প্রফেসর ড. আতুল হাই শিবদী, আইন মন্ত্রণালয়ের প্রতিনিধি, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কাজী মালুউদ্দিন আকবর কমিটির সদস্য সচিব হিসেবে থাকবেন।

সভায় বিভিন্ন মন্ত্রণালয়ের সচিব ও সীর্ষ কর্মকর্তারা, বিভিন্ন সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ডিনিগন উপস্থিত ছিলেন।

এদিকে গতকাল ফিলিপাইনের সমাধিকল্যাণ ও উন্নয়ন বিষয়ক মন্ত্রী মিল কোরাজন জলিয়ানো সলিমেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সাথে তার কার্যালয়ে সাক্ষাৎ করেন। সাক্ষাৎের পর তারা বিপাকিক বার্ষিক সর্বেশিত বিষয়ে আলোচনা করেন।